# সম্মিলিত উদ্যোগে দেশ সুষ্ঠু নির্বাচনের সাক্ষী হবে: সিইসি




ছবি: সংগৃহীত

প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিন শান্তিপূর্ণ ও দায়িত্বশীল পরিবেশ বজায় রাখার জন্য রাজনৈতিক দল, প্রার্থী ও ভোটারদের আহ্বান জানিয়েছেন।

বুধবার (১১ ফেব্রুয়ারি) সন্ধ্যা ৭টায়, ভোটগ্রহণ শুরুর কয়েক ঘণ্টা আগে জাতির উদ্দেশে দেওয়া তার ভাষণ রাষ্ট্রীয় গণমাধ্যমে সম্প্রচারিত হয়। তিনি ভোটাধিকারকে শুধু অধিকার নয়, নাগরিকের দায়িত্ব হিসেবেও উল্লেখ করেন।

নির্বাচনের ফলাফল ও পরবর্তী পরিস্থিতি ইতিবাচকভাবে গ্রহণ করার আহ্বান জানিয়ে সিইসি বলেন, মতভিন্নতা গণতন্ত্রের স্বাভাবিক ও সুন্দর বৈশিষ্ট্য। ভোটারদের উৎসবমুখর পরিবেশে কেন্দ্রে গিয়ে নিজের পছন্দের প্রার্থীকে ভোট দেওয়ার অনুরোধ জানান তিনি।

সিইসি আশা প্রকাশ করেন, সবার সহযোগিতায় দেশ একটি গ্রহণযোগ্য ও শান্তিপূর্ণ নির্বাচনের সাক্ষী হবে।

ভাষণটি বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে একযোগে সম্প্রচারিত হয়। উল্লেখ্য, গত ১১ ডিসেম্বর তিনি জাতির উদ্দেশে দেওয়া ভাষণে জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেছিলেন।

LENS ASIA